BAGNAN COLLEGE ESTD 1958 Bagnan Howrah



২০২৫

পঞ্চম সেমেস্টার

# বাংলা — এম ডি সি

পত্র : CC-7

(বাংলা কথাসাহিত্য - ১)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "ভয়ে নহে। কাঁদিতে পারিতেছি না, এই ক্রোধে কাঁপিতেছি।"— এই কথাটি কে কাকে বলেছে? উদ্ধৃত অংশটি কোন পরিচ্ছেদের অন্তর্গত? বক্তার কেঁপে ওঠার কারণ সবিস্তার আলোচনা করো। ২+১+১২

*অথবা*

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসে উপকাহিনিটির সার্থকতা বিচার করো। ১৫

২। (ক) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের রহস্যাবৃত চরিত্র হোসেন মিঞা সম্পর্কে আলোকপাত করো। ১৫

৩। (ক) 'দেনাপাওনা' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

*অথবা*

(খ) "সে নির্জন দ্বিপ্রহরের মত শব্দহীন এবং সঙ্গীহীন।"— উদ্ধৃত বাক্যটিতে 'সে' বলতে কার কথা বলা হয়েছে? সে শব্দহীন ও সঙ্গীহীন কেন? উদ্ধৃত বাক্যে যাকে শব্দহীন এবং সঙ্গীহীন বলা হয়েছে তার পূর্ণাঙ্গ পরিচয় দাও। ১+২+১২

৪। (ক) "তুমি অধম— তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?"— এই বাক্যটি যে ঘটনা প্রসঙ্গে বলা হয়েছে তা আলোচনা করো। ৫

*অথবা*

(খ) "এ কাহার কন্যা, — কোন্ কুলে জন্ম, তাহা আপনি কিছুই জানেন না।"— এই কথাটি কে কাকে বলেছে? কন্যাটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৩

৫। (ক) কুবেরের সঙ্গে কে কে পদ্মায় মাছ ধরতে গিয়েছিল? বর্ষাকালে জেলেজীবনের লড়াইয়ের ছবিটি তুলে ধরো। ১+৪

*অথবা*

(খ) ময়নাদ্বীপ থেকে কে গ্রামে ফিরে এসেছিল? তার বয়ান থেকে ময়নাদ্বীপ সম্পর্কে কী জানা যায়? ১+৪

৬। (ক) "তারাপদ হরিণশিশুর মতো বন্ধনভীরু।"— কোন গল্পের চরিত্র তারাপদ? তার বন্ধনভীরুতার কিছু পরিচয় দাও। ১+৪

*অথবা*

(খ) "কঙ্কাল নদীতে নামিল, অনুবর্তী ফণিভূষণও জলে পা দিল।"— উদ্ধৃত বাক্যটি কোন গল্প থেকে নেওয়া হয়েছে? জলে পা দেবার পরে ফণিভূষণের কী ঘটেছিল তা জানাও। ১+৪

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) নবকুমারের প্রথম স্ত্রীর নাম কী?

(খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(গ) নবকুমারের এক ভগিনীর নাম উল্লেখ করো।

(ঘ) "পথিক, তুমি পথ হারাইয়াছ?"— প্রশ্নটি কে কাকে করেছে?

(ঙ) 'কপালকুণ্ডলা' উপন্যাসটিতে মোট কতগুলি পরিচ্ছেদ রয়েছে?

(চ) কুবেরের মেয়ের নাম কী?

(ছ) মালার বাপের বাড়ির গ্রামের নাম কী?

(জ) কপিলার স্বামীর নাম কী?

(ঝ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো।

(ঞ) হোসেন মিঞা-র গাওয়া গানের প্রথম পঙ্ক্তিটি লেখো।

(ট) নিরুপমার বাবার নাম কী?

(ঠ) মতিলালবাবু কোথাকার জমিদার?

(ড) সুভার জন্ম কোন গ্রামে?

(ঢ) 'একরাত্রি' গল্পটির রচনাকাল উল্লেখ করো।

(ণ) সুরবালার স্বামীর নাম কী?

---